# তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষ্যে সংবর্ধনা অনুষ্ঠানের অনুমতি



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আগামী ২৫ ডিসেম্বর দেশে ফেরাকে কেন্দ্র করে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজনের জন্য প্রশাসনের অনুমতি পাওয়া গেছে। ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক লিখিত অনুমোদন দেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে জানা গেছে।

রোববার রাতে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের স্বদেশ প্রত্যাবর্তনকে ঘিরে প্রস্তাবিত সংবর্ধনা অনুষ্ঠানের জন্য ঢাকা বিভাগীয় কমিশনার অনুমতি প্রদান করেছেন। ওইদিন রাত সাড়ে ৮টার দিকে সংশ্লিষ্ট অনুমতিপত্র বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর কাছে পাঠানো হয়।

তিনি আরও জানান, ঢাকা বিভাগীয় কমিশনার কার্যালয়ের একজন প্রতিনিধি জাহিদ হোসেন অনুমতিপত্রটি নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে পৌঁছে দেন। সেখানে দলটির কেন্দ্রীয় কমিটির সদস্য ও দপ্তর বিষয়ক দায়িত্বপ্রাপ্ত সাত্তার পাটোয়ারী চিঠিটি গ্রহণ করেন।

LENS ASIA